



ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসেবে আবেদনকারীদের জ্ঞাতার্থে

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর অন্তর্ভুক্ত আর্টিক্যাল ২০(১)(কে) এবং প্রথম সংবিধির সেকশন ৪৬(২)(ডি) অনুযায়ী সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনের প্রাথমিক ভোটার তালিকা <https://reggrad.du.ac.bd> ওয়েব সাইটে দেখা যাবে।

কোন রেজিস্টার্ড গ্র্যাজুয়েটের তথ্য ভোটার তালিকায় সঠিকভাবে না থাকলে বা বাদ গিয়ে থাকলে বা তালিকায় সন্নিবেশিত হওয়া উচিত নয় এমন কারো নাম তালিকায় সন্নিবেশিত হয়ে থাকলে তা সম্পর্কে আগামী ২৯ ডিসেম্বর, ২০২২ এর মধ্যে রেজিস্ট্রারের নিকট লিখিত আবেদন দাখিল করা যাবে অথবা reggrad@du.ac.bd এই ই-মেইলে সংশোধন/সংযোজন তথ্য প্রেরণ করা যাবে। উক্ত তারিখের পর কোন প্রকার আপত্তি গ্রহণ করা হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল আপত্তি বিবেচনা ও নিষ্পত্তিক্রমে চূড়ান্ত ভোটার তালিকা ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, গত ০১-০৭-২০২২ তারিখ থেকে ০২-১০-২০২২ তারিখ পর্যন্ত রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসেবে যারা নির্ধারিত ফি জমা দিয়ে আবেদন করেছেন তাদের মধ্যে কারো কারো ফলাফল ৩০ জুন, ২০১৯ তারিখের পরে প্রকাশিত হয়েছে, কেউ কেউ সার্টিফিকেট দেননি, অন্য বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট দিয়েছেন, ৩/৬ মাসের ডিপ্লোমা কোর্সের সার্টিফিকেট দিয়েছেন যেগুলো বিধি সম্মত নয়। তাদের সাথে মোবাইল ও চিঠির মাধ্যমে যোগাযোগ করে নির্ধারিত সময়ের মধ্যে তা নিষ্পত্তির জন্য অনুরোধ জানানো হলেও যারা তা নিষ্পত্তি করেননি তাদের তালিকাও ওয়েব সাইটে দেখা যাবে।

আজীবন রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের মধ্যে কেউ মৃত্যুবরণ করে থাকলে সে সম্পর্কে সঠিক তথ্য অত্র অফিসকে জানানোর জন্যও সংশ্লিষ্টদের অনুরোধ করা যাচ্ছে।

প্রয়োজনবোধে প্রাথমিক ভোটার তালিকা ১২,০০০/- (বারো হাজার) টাকার বিনিময়ে সংগ্রহ করা যাবে।

স্বাক্ষরিত/-

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০
তারিখ : ৩০, নভেম্বর, ২০২২

(প্রবীর কুমার সরকার)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

নং রেজি/প্রশা-৪/রেঃগ্রাঃ/

তারিখ : ৩০ নভেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট প্রতিলিপি প্রেরিত হলো:

১. পরিচালক, পাবলিক রিলেশন, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ব্যাপক প্রচারের উদ্দেশ্যে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
২. পরিচালক, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়। (অনলাইনে আপলোডের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
৩. ডেপুটি রেজিস্ট্রার, ভাইস চ্যান্সেলর-এর অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪. ডেপুটি রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)-এর অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫. ডেপুটি রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা)-এর অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬. প্রিন্সিপ্যাল স্টোর অফিসার, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৭. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৮. নোটিশ বোর্ড, রেজিস্ট্রারের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৪)
ঢাকা বিশ্ববিদ্যালয়